

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৯৪

খোয়াই, ১৯ ফেব্রুয়ারি, ২০২৪

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ

খোয়াই জেলায় ১২,৪৮০টি পরিবারকে পাকা আবাস

প্রধানমন্ত্রী আবাস যোজনায়-গ্রামীণ চলতি অর্থবছরে খোয়াই জেলার বিভিন্ন ব্লকে মোট ১২ হাজার ৪৮০টি পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরি দেওয়া হয়েছে। এই যোজনায় জেলার তেলিয়ামুড়া ব্লকে ১,৬৯২টি, কল্যাণপুর ব্লকে ১,৩৫২টি, খোয়াই ব্লকে ১,৯০৪টি, মুঙ্গিয়াকামী ব্লকে ১,৫২৩টি, পদ্মাবিল ব্লকে ৮,০৩৭টি এবং তুলাশিখর ব্লকে ১,৭০৫টি পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরি দেওয়া হয়েছে। প্রতিটি পাকা আবাস নির্মাণে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে ব্যয় হবে। খোয়াই জেলা প্রশাসনের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*